



## জরুরী নিয়োগ বিজ্ঞপ্তি

তারিখঃ ২১/১২/২০২৩-ইং  
৬-ই পৌষ ১৪৩০-বঙ্গাব্দ

অনুসন্ধান পল্লী উন্নয়ন সংস্থা (এপিইউএস) একটি স্থানীয় পর্যায়ের বেসরকারী উন্নয়ন সংস্থা। সংস্থাটি গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সমাজসেবা অধিদপ্তর নিবন্ধন প্রাপ্ত এবং মাইক্রো ক্রেডিট রেগুলেটরী (এমআরএ) হতে প্রাথমিক সনদপ্রাপ্ত (প্রাঃ আঃ নং-২০২১০০৭৪৫)। বর্তমান সংস্থাটি কুমারখালী উপজেলা ও কুষ্টিয়া সদর উপজেলা, কুষ্টিয়াতে ক্ষুদ্রঋণ ও সামাজিক উন্নয়ন মূলক কার্যক্রম পরিচালনার জন্য জরুরী ভিত্তিতে ফিল্ড অফিসার পদে কিছু সংখ্যক জনবল নিয়োগের জন্য আগ্রহী প্রার্থীদের নিকট থেকে দরখাস্ত আহবান করা যাচ্ছে।

### বেতন ভাতা

| ক্রঃ নং | পদের নাম                | শিক্ষাগত যোগ্যতা  | বেতন কাঠামো   | অভিজ্ঞতা ও অন্যান্য যোগ্যতা  |
|---------|-------------------------|-------------------|---|--|
| ০১      | ফিল্ড অফিসার- (ক্রেডিট) | নূন্যতম এইচ.এস.সি | শিক্ষানবিশকাল- ১২০০০/-<br>স্থায়ীকরণের পর সর্বসাকুল্যে- ১৫০০০/- | <ul style="list-style-type: none"><li>ঋণ কার্যক্রমে মাঠ পর্যায়ে কাজ করার কমপক্ষে ১ বছরের বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে। বাস্তব অভিজ্ঞতা প্রার্থীদের ক্ষেত্রে বয়সসীমা ও শিক্ষাগত যোগ্যতা শিথিলযোগ্য।</li><li>মটরসাইকেল চালানো ও বৈধ লাইসেন্স (যদি থাকে) সেক্ষেত্রে অগ্রাধিকার দেওয়া হবে।</li></ul> |

- আবেদনকারীকে বাংলাদেশের স্থায়ী নাগরিক হতে হবে।
- নিয়োগপ্রাপ্ত ব্যক্তির শিক্ষানবিশ কাল শেষে কর্ম মূল্যায়নের ভিত্তিতে চাকুরি স্থায়ীকরণ করা হবে, তখন থেকে সংস্থা কর্তৃক সুবিধা যেমন- ২ টি উৎসব ভাতা, বৈশাখী ভাতা, মোবাইল বিল, মোবাইল সিম, মটরসাইকেল জ্বালানী বিল প্রযোজ্য হবে।
- আবেদনকারীর বয়সসীমা নূন্যতম ১৮ বছর হতে সর্বোচ্চ ৩৫ বছর।
- শুধুমাত্র আগ্রহী যোগ্য প্রার্থীদের আগামী ২০/০১/২০২৪ খ্রিঃ ০৫ মাঘ ১৪৩০ বঙ্গাব্দ তারিখের মধ্যে অফিস চলাকালীন সময়ের মধ্যে নিম্ন স্বাক্ষরকারী বরাবর (হাতে হাতে/ডাকযোগে অথবা প্রতিষ্ঠানের নিজস্ব ওয়েব সাইট: [anusondhan.com/career.php](http://anusondhan.com/career.php) অথবা ই-মেইল-[info@anusondhan.com](mailto:info@anusondhan.com) যোগে) প্রেরণের জন্য অনুরোধ করা যাচ্ছে।

### সংযুক্তিকরণঃ

- জীবনবৃত্তান্ত সহ স্বহস্তে লিখিত দরখাস্ত (মোবাইল নং সহ)।
- ইউনিয়ন পরিষদ/পৌরসভা চেয়ারম্যান কর্তৃক নাগরিক সনদ।
- সকল শিক্ষাগত যোগ্যতার সনদ (সত্যায়িত)
- জাতীয় পরিচয় পত্রের ফটোকপি।
- অভিজ্ঞতা সনদের (যদি থাকে) ফটোকপি (সত্যায়িত)।
- সদ্য তোলা ১ কপি রঙিন পাসপোর্ট সাইজের ছবি (সত্যায়িত)।

মোঃ জাহাঙ্গীর হোসেন  
প্রধান নির্বাহী কর্মকর্তা

অনুসন্ধান পল্লী উন্নয়ন সংস্থা।

উত্তর কয়া, কয়া, কুমারখালী, কুষ্টিয়া।